

2 0 1 7

BENGALI
(Elective)

Paper : 5.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) হ্র; উ; এ—এর মধ্যে পশ্চাৎ স্বরধ্বনি কোনটি ?
- (খ) ক; প; শ—এর মধ্যে ওষ্ঠা ব্যঞ্জন কোনটি ?
- (গ) ট; ল; ঙ—এর মধ্যে মূর্ধনা ধ্বনি কোনটি ?
- (ঘ) স্পর্ধা > আস্পর্ধা ; বেঞ্চ > বেঞ্চি ; শুনিয়া > শুইনা ;
বিলাতি > বিলিতি—এর মধ্যে অপিনিহিতির উদাহরণ
কোনটি ?
- (ঙ) নাসিকীভবনের একটি উদাহরণ দাও ।
- (চ) অল্পপ্রাণিতের একটি উদাহরণ দাও ।
- (ছ) “ভারত ভারতখ্যাত আপনার গুণে ।”
কোন্ অলংকারের উদাহরণ ?

- (জ) সন্দেহ অলংকারের একটি উদাহরণ দাও।
- (ঝ) “সংগীত তরঙ্গ রঙ্গ অঙ্গের উচ্ছ্বাস।”
চরণটি কোন্ ছন্দে রচিত?
- (ঞ) ‘অলংকার’—স্বাসাঘাতপ্রধান ছন্দে শব্দটির মাত্রাসংখ্যা
কত?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- (ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো : স্বরভক্তি।
- (খ) স্বরান্ত অক্ষর বলতে কী বোঝ? উদাহরণসহ বুঝিয়ে
দাও।
- (গ) “শিশুফুলগুলি তোমারে ঘেরিয়া ফুটে।”
কারণ নির্দেশ করে অলংকারের নাম লেখো।
- (ঘ) উদাহরণসহ অর্থপ্রসার বা অর্থবিস্তার বলতে কী বোঝ,
লেখো।
- (ঙ) বাংলা শব্দভাণ্ডারে গৃহীত দুটি আরবি শব্দের উদাহরণ
দাও।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) অর্থসঙ্কেচ এবং অর্থসংক্রম-এর মধ্যে উদাহরণসহ
তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।
- (খ) মূর্ধনীভবন এবং স্বতোমূর্ধনীভবনের মধ্যে উদাহরণসহ
পার্থক্য নির্দেশ করো।

- (গ) ছন্দোলিপি প্রস্তুত করো :
“পঞ্চশরে দক্ষ করে করেছ একি সন্ন্যাসী
বিশ্বময় দিয়েছ তারে ছড়িয়ে।
ব্যাকুলতর বেদনা তার বাতাসে উঠে নিশ্বাসি
অশ্রু তার আকাশে পড়ে গড়িয়ে।”

- (ঘ) ছন্দোলিপি প্রস্তুত করো :
এ পুরীর পথ-মাঝে যত আছে শিলা,
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।
- (ঙ) অলংকার নির্দেশ করো এবং তোমার সিদ্ধান্তের কারণ
দর্শাও :
“পালিবে যে রাজধর্ম জেনো তাহা মোর কর্ম
রাজ্য লয়ে রবে রাজ্যহীন।
- (চ) অলংকার নির্দেশ করো এবং তোমার সিদ্ধান্তের কারণ
দর্শাও :
“শুনিতেছি আজো আমি প্রাতে উঠিয়াই
‘আয় আয়’ কাঁদিতেছে তেমনি সানাই।”

৪। ক—গুচ্ছ, খ—গুচ্ছ এবং গ—গুচ্ছ; প্রতি গুচ্ছ থেকে অন্তত
একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৪ = ৪০$

ক—গুচ্ছ

- (ক) প্রাচীন বাংলার বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লিপিবদ্ধ করো।
- (খ) তত্ত্ব শব্দ বলতে কী বোঝ? বাংলা শব্দভাণ্ডার থেকে
বিভিন্ন প্রকার তত্ত্ব শব্দের উদাহরণ দিয়ে বিষয়টি বিশদ
করো।

- (গ) বাংলা উপভাষাগুলোর ভৌগোলিক অবস্থান নির্দেশ করে বঙ্গালি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখো।
- (ঘ) উদাহরণসহ সাধু ও চলিত গদ্যের পার্থক্যগুলো বিশদভাবে আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) ধ্বনিপ্রধান ছন্দের সঙ্গে তানপ্রধান ছন্দের পার্থক্যগুলো উদাহরণসহ নির্দেশ করো।
- (খ) পর্ব-বিভাজন, মাত্রাবিচার ও ছন্দের লয় অবলম্বনে বাংলা তিন প্রকার ছন্দের পার্থক্যগুলো নির্দেশ করো।

গ—গুচ্ছ

- (ক) “উপমা এক নটী ; বিচিত্র ভূমিকায় সে অভিনয় করে কাব্যের রঙ্গক্ষেত্রে আর সঙ্গে সঙ্গে করে রসিকজনের চিত্তরঞ্জন।” মন্তব্যটির সারবত্তা প্রতিপন্ন করো।
- (খ) সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও :
- (১) রূপক এবং অতিশয়োক্তি
 - (২) সন্দেহ এবং অপহুতি
 - (৩) শ্লেষ এবং যমক

★ ★ ★